ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৩৯৩

বিশালগড়, ১৬ আগস্ট, ২০২৫

**বিশালগড়ে স্বাধীনতা দিবস উদযাপন**

সারা রাজ্যের সঙ্গে বিশালগড় মহকুমায়ও যথাযোগ্য মর্যাদায় ৭৯তম স্বাধীনতা দিবস উদযাপন করা হয়। মহকুমাভিত্তিক মূল অনুষ্ঠানটির আয়োজন করা হয় অফিসটিলাস্থিত কালীবাড়ি প্রাঙ্গণে। সেখানে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন করেন বিধায়ক সুশান্ত দেব। তিনি ভাষণে আগামী প্রজন্মকে নেশার কুফল থেকে রক্ষা করতে সকলের প্রতি আহ্বান জানান। অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন বিশালগড় পুর পরিষদের চেয়ারপার্সন অঞ্জন পুরকায়স্থ, বিশালগড় পঞ্চায়েত সমিতির শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি তপন দাস, ডিসিএম প্রসেনজিৎ দাস প্রমুখ। অনুষ্ঠানে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা দেশাত্মবোধক সংগীত, নৃত্য পরিবেশন করেন। এছাড়াও স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে আয়োজিত বসে আঁকো প্রতিযোগিতার বিজয়ীদের অনুষ্ঠান মঞ্চে পুরস্কৃত করা হয়।

*******